গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২৫ ফেব্রুয়ারি ২০১৫, ১৩ ফাল্গুন ১৪২১**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সন্ত্রাসের বিরুদ্ধে আমাদের অবস্থান স্পষ্ট : প্রধানমন্ত্রী
২। সংসদে সরকারি যান ব্যবহার নিয়ন্ত্রণে বিল পাস
৩। মাহমুদুর রহমান মান্না গ্রেফতারের পর থানায় হস্তান্তর
৪। বিশ্বব্যাংক বাংলাদেশের উৎপাদন খাতে মেয়াদি ঋণ দেবে
৫। হরতাল-অবরোধে পাঁচ সরকারি অফিস ও ব্যাংকে আগুন
৬। পিলখানা ট্রাজেডির ষষ্ঠবার্ষিকী আজ : নিহতদের স্মরণে বিজিবির নানা কর্মসূচি
৭। দেশের জিডিপির প্রবৃদ্ধি ৬ শতাংশের ওপরে থাকবে : বাংলাদেশ ব্যাংক গভর্নর
৮। মানবতাবিরোধী অপরাধের মামলায় পলাতক জব্বারের আমৃত্যু কারাদণ্ড
৯। অনলাইনে জাতীয় পরিচয়পত্র সংশোধনের সুযোগ আজ থেকে
১০। অবরোধজনিত সহিংসতা থেকে শিশুদের রক্ষা করুন : সেভ দ্য চিলড্রেন

চলমান পাতা/২

১।	সন্ত্রাসের বিরুদ্ধে আমাদের অবস্থান স্পষ্ট : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকল প্রকার সন্ত্রাসবাদের বিরুদ্ধে তাঁর সরকারের দৃঢ় অবস্থানের কথা পুনর্ব্যক্ত করে বলেছেন, দেশের সেনাবাহিনীকে এ আদর্শ সামনে রেখে এগিয়ে যেতে হবে। তিনি বলেন, সশস্ত্র বাহিনী দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের মূর্ত প্রতীক। সশস্ত্র বাহিনীর উন্নয়ন ও কল্যাণের জন্য যা করার দরকার, আমরা সবই করব ইনশাল্লাহ। গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার মিরপুর ক্যান্টনমেন্টে সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজের ২০১৪-১৫ কোর্সে স্নাতক ডিগ্রি প্রদান অনুষ্ঠানে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩), নিউ নেশন (শেষ পৃ.,ক.৩)। ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২।	সংসদে সরকারি যান ব্যবহার নিয়ন্ত্রণে বিল পাস

গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার জাতীয় সংসদে সরকারি যানবাহন (ব্যবহার নিয়ন্ত্রণ) বিল, ২০১৫ পাস হয়েছে। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক বিলটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়। 'দ্য অফিসিয়াল ভেহিকাল্‌স (রেগুলেশন অব ইউজ), ১৯৮৬' রহিত করে সরকারি যানবাহনের ব্যবহার নিয়ন্ত্রণে বিধান প্রণয়নের উদ্দেশ্যে বিলটি আনা হয়েছে বলে জানিয়েছেন প্রতিমন্ত্রী। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.১), ইত্তেফাক (পৃ.১৯,ক.২), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.২,ক.১)।

৩।	মাহমুদুর রহমান মান্না গ্রেফতারের পর থানায় হস্তান্তর

নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্নাকে গুলশান থানায় হস্তান্তর করা হয়েছে। আটকের ২১ ঘণ্টা পর র‍্যাব-১ গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার রাত ১২টা ২৫ মিনিটে তাকে হস্তান্তর করে। তার বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার গুলশান থানায় পুলিশ বাদি হয়ে এ মামলা দায়ের করে। এ মামলায় গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার সন্ধ্যায় র‍্যাব তাকে গ্রেফতার দেখায়। রাতে গুলশান থানার মামলার তদন্তকারী কর্মকর্তা মান্নাকে র‍্যাবের কাছ থেকে বুঝে নেন। আজ ২৫ ফেব্রুয়ারি বুধবার তাকে রিমান্ডের আবেদন জানিয়ে আদালতে পাঠানো হবে বলে জানা গেছে। তবে রাতে তাকে মহানগর গোয়েন্দা পুলিশের হাজতে রাখা হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.৪)। জনকণ্ঠ, সমকাল, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ নেশন সহ কয়েকটি দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪।	বিশ্বব্যাংক বাংলাদেশের উৎপাদন খাতে মেয়াদি ঋণ দেবে

বাংলাদেশের উৎপাদন খাতে মেয়াদি ঋণ দিতে সিদ্ধান্ত নিয়েছে বিশ্বব্যাংক। সংস্থাটি মনে করে, এ দেশের শিল্প খাতের জন্য মেয়াদি ঋণ জোগানের প্রয়োজন রয়েছে এবং এ বিষয়ে বিশ্বব্যাংক সিদ্ধান্তও নিয়েছে। ঢাকায় সফররত বিশ্বব্যাংকের দক্ষিণ এশীয় অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট অ্যানেট ডিক্সনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এবং বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমানের সঙ্গে বৈঠকে এ সিদ্ধান্তের কথা জানায়। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৩), সংবাদ (পৃ.১,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.২)।

৫।	হরতাল-অবরোধে পাঁচ সরকারি অফিস ও ব্যাংকে আগুন

হরতাল-অবরোধে যানবাহনে অগ্নিসংযোগ কমে এলেও নাশকতা থেমে নেই। নাশকতার ধরন ও দুর্বৃত্তের লক্ষ্য বদল হচ্ছে। ২০১৩ সালের মতো সরকারি কার্যালয়, স্কুল ও ব্যাংকে আগুনের ঘটনা ঘটছে। গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার বিএনপি নেতৃত্বাধীন ২০ দলের হরতাল-অবরোধে গত ২৪ ঘণ্টায় পাঁচটি সরকারি অফিস ও চারটি যানবাহনে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। সূত্র-সমকাল (পৃ.১,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.৩), সমকাল (পৃ.১,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)।

৬।	পিলখানা ট্রাজেডির ষষ্ঠবার্ষিকী আজ : নিহতদের স্মরণে বিজিবির নানা কর্মসূচি

পিলখানায় বর্বরোচিত হত্যাকাণ্ডের ষষ্ঠবার্ষিকী আজ ২৫ ফেব্রুয়ারি বুধবার। ওই ঘটনায় নিহতদের স্মরণে আজ ও আগামীকাল বেশ কয়েকটি কর্মসূচি হাতে নিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। কর্মসূচির মধ্যে আজ পুষ্পস্তবক অর্পণ ও আগামীকাল বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.২)।

৭।	দেশের জিডিপির প্রবৃদ্ধি ৬ শতাংশের ওপরে থাকবে : বাংলাদেশ ব্যাংক গভর্নর

চলতি অর্থবছর শেষে জিডিপির প্রবৃদ্ধি ৬ শতাংশের ওপরে থাকবে। আর যদি রাজনৈতিক পরিস্থিতি স্বাভাবিক হয় তবে তা আগের লক্ষ্যমাত্রার সমান সাড়ে ৬ শতাংশ অর্জিত হবে বলে জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার হোটেল পূর্বাণীতে আইএফআইসি ব্যাংক আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-সংবাদ (পৃ.১৪,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.১), যুগান্তর (পৃ.৩,ক.১)।

৮।	মানবতাবিরোধী অপরাধের মামলায় পলাতক জব্বারের আমৃত্যু কারাদণ্ড

একাত্তরে মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে অভিযুক্ত পলাতক পিরোজপুরের রাজাকার কমান্ডার জাতীয় পার্টির সাবেক সংসদ সদস্য ইঞ্জিনিয়ার আব্দুল জব্বারের আমৃত্যু কারাদণ্ড প্রদান করেছেন ট্রাইব্যুনাল। আসামি জব্বারের বিরুদ্ধে প্রসিকিউশন পক্ষের আনা পাঁচটি অভিযোগের সবক'টি প্রমাণ করতে সক্ষম হয়েছেন তারা। অভিযোগ মৃত্যুদণ্ড যোগ্য হলেও বয়সের বিবেচনায় তাকে এই দণ্ড দেওয়া হয়েছে। চেয়ারম্যান বিচারপতি এম ইনায়েতুর রহিমের নেতৃত্বে তিন সদস্য বিশিষ্ট আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার এ রায় ঘোষণা করেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৩), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩)। ভোরের কাগজ, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। অনলাইনে জাতীয় পরিচয়পত্র সংশোধনের সুযোগ আজ থেকে

অনলাইনে জাতীয় পরিচয়পত্র সংশোধন ও ভোটার তালিকায় অন্তর্ভুক্তির আবেদন করার সুযোগ দিচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। এর ফলে ঘরে বসেই আবেদন করা যাবে। আবেদনকারীদের শুনানির নির্ধারিত সময় অনলাইনে জানিয়ে দেওয়া হবে। আজ ২৫ ফেব্রুয়ারি বুধবার এ সুযোগ সবার জন্য উন্মুক্ত করতে যাচ্ছে নির্বাচন কমিশন। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.২), সমকাল (শেষ পৃ.,ক.১)।

১০। অবরোধজনিত সহিংসতা থেকে শিশুদের রক্ষা করুন : সেভ দ্য চিলড্রেন

বাংলাদেশে চলমান সহিংসতার প্রভাব থেকে শিশুদের রক্ষা করতে সরকার ও রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানিয়েছে সেভ দ্য চিলড্রেন। গতকাল ২৪ ফেব্রুয়ারি মঙ্গলবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ আহ্বান জানায় সংস্থাটি। সংস্থাটি মনে করে, বিদ্যমান সংকটের সঙ্গে সম্পৃক্ত সব পক্ষ শিশুদের সহিংসতার শিকার হওয়া এড়াতে যথেষ্ট ভূমিকা রাখা প্রয়োজন। হরতাল-অবরোধের সহিংসতায় ১২ ফেব্রুয়ারি পর্যন্ত মোট ১১ শিশু নিহত হয়েছে বলে জানানো হয়। সূত্র-সংবাদ (পৃ.১, ক.৩), ইত্তেফাক (পৃ.৩,ক.৩), যায়যায়দিন (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৩)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ, যায়যায়দিন, ইনকিলাব, ডেইলি স্টার : বিনা বিচারে নৃশংস হত্যাকাণ্ড চালিয়ে পুলিশ বাহিনী ঘাতকে পরিণত হলে জনগণ তাদের ওপর আস্থা হারাবে বলে মত প্রকাশ;

খ. ইত্তেফাক : বরিশাল বিভাগের দুই শতাধিক গ্রামে কোনো প্রাথমিক বিদ্যালয় নেই এ খবরে উদ্বেগ প্রকাশ করে সারাদেশের সুবিধাবঞ্চিত গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নজর দেওয়ার সুপারিশ;

গ. জনকণ্ঠ : বিদ্যুতের বিকল্প হিসেবে সৌর বিদ্যুতের বিপুল সম্ভাবনাকে গুরুত্বের সঙ্গে নিয়ে এ খাতে প্রণোদনা বাড়াতে ব্যবস্থা নেওয়ার আহ্বান;

ঘ. সংবাদ : বাঁধ নির্মাণের ফলে দক্ষিণবঙ্গের একাধিক উপজেলায় লবণাক্ততার মাত্রা ১০ পিপিটির বেশি হওয়াকে পরিবেশের জন্য হুমকি উল্লেখ করে জলবায়ু পরিবর্তনের পরিণতির দিকে নজর দিয়ে উন্নয়নের পথে এগোনোর পরামর্শ;

ঙ. যুগান্তর : উচ্চ শিক্ষার মান উন্নয়ন প্রকল্পে (হেকেপ) অনিয়ম-দুর্নীতি বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি;

চ. ডেইলি স্টার, প্রথম আলো : অমর্ত্য সেন গণতন্ত্রে আলোচনা ছাড়া কিছু সম্ভব নয় বলে যে সুচিন্তিত অভিমত প্রকাশ করেছেন সে বিষয়ে আলোকপাত;

ছ. ইন্ডিপেনডেন্ট : দেশে ও বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে নারী শ্রমিকের দক্ষতা বাড়াতে আরও প্রশিক্ষণ কেন্দ্র চালুর প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি সান, : প্রজাতন্ত্রের কর্মচারীদের রাজনীতিমুক্ত রাখতে সরকারি পদক্ষেপকে স্বাগত জানিয়ে নতুন কোড অব কনডাক্ট দ্বারা এ ব্যাপারে প্রত্যাশিত সাফল্যের প্রত্যাশা;

ঝ. নিউজ টুডে : চট্টগ্রাম শহরে বিশেষ করে ইপিজেড এলাকার রাস্তায় নিষিদ্ধ অটোরিকসা চলাচল বন্ধে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশকে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঞ. নিউ নেশন : কৃষকদের খেলাপি ঋণ নবায়নের পর স্বল্প মেয়াদি নতুন ঋণ দেওয়ার কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা বাণিজ্যিক ব্যাংকগুলোকে যথাযথভাবে মেনে চলার প্রত্যাশা জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে সংঘাত-সহিংসতার রাজনীতি নয়, শুধুমাত্র সমঝোতা, সহাবস্থান ও জাতীয় ঐক্যের রাজনীতিই আমাদের স্বাধীনতার লক্ষ্য তথা দারিদ্র্য ও ও বৈষম্যমুক্ত গণতান্ত্রিক বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়িত করতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত 'সংকটের কবলে ভাষা সংস্কৃতি' শিরোনামের নিবন্ধে মযহারুল ইসলাম বাবলা আমাদের আত্মমর্যাদাশীল জাতি হিসেবে মাথা উঁচু করে দাঁড়ানোর জন্য অপরিহার্য নিজস্ব ভাষা, সংস্কৃতি বিকাশের অগ্রযাত্রাকে বেগবান করতে সাংস্কৃতিক অবক্ষয় ঠেকাতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপুল/২০১৫/৯.০০ ঘণ্টা